গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৮৭.০০১.২২-২১

তারিখ : ২৫ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
১০ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ

# "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২২" এর বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের তত্ত্বাবধানে সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য যুবদের "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড" প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে চলতি **২০২১-২০২২** অর্থবছরে নিম্নোক্ত ০৫টি ক্যাটাগরিতে সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য যুবদের পুরস্কার প্রদানের নিমিত্ত নিম্নোক্ত **শর্তাবলি** অনুসারে নির্ধারিত আবেদন ফরমে সরাসরি দরখাস্ত আহবান করা যাচ্ছে :

## পুরস্কার ক্যাটাগরির নাম

| ক্রঃনং | ক্যাটাগরির নাম | পুরস্কার সংখ্যা | পুরস্কারের ধরণ (প্রতিটির ক্ষেত্রে) |
|---|---|---|---|
| ১. | যুব উন্নয়ন ও কর্মসংস্থানে অসাধারণ অবদানের জন্য | ০৩(তিন)টি | প্রতিটি পুরস্কারে থাকবে নগদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা/প্রাইজবন্ড, একটি ক্রেস্ট এবং একটি সম্মাননাপত্র |
| ২. | শিক্ষা, বিজ্ঞান, তথ্য প্রযুক্তি, কারিগরির ক্ষেত্রে অসাধারণ অবদান রাখার জন্য | ০৩ (তিন)টি | |
| ৩. | দেশ প্রেম, বীরত্ব ও সাহসিকতার ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য | ০৩(তিন)টি | |
| ৪. | জ্যেষ্ঠদের প্রতি আদর্শ সেবা/ সমাজকল্যাণে অসাধারণ অবদানের জন্য | ০৩ (তিন)টি | |
| ৫. | ক্রীড়া, কলা (চারু ও কারু) ও সংস্কৃতিতে উল্লেখযোগ্য অবদান রাখার ক্ষেত্রে | ০৩ (তিন)টি | |

## আবেদনের শর্তাবলি

১. আবেদনকারীকে অবশ্যই ১৮ হতে ৩৫ বছরের বয়সসীমার নারী-পুরুষ নির্বিশেষে বাংলাদেশের নাগরিক হতে হবে।

২. অলাভজনক, অরাজনৈতিক এবং অবৈতনিকভাবে স্বেচ্ছাসেবক হিসেবে সেবা ও উন্নয়নমূলক কর্মে নিয়োজিত যুবরাই এ পুরস্কারের যোগ্য হিসেবে বিবেচিত হবেন।

৩. আগ্রহী যুবগণকে স্ব স্ব উপজেলা কমিটির সভাপতি হিসেবে **উপজেলা নির্বাহী অফিসার** বরাবর আবেদন দাখিল করতে হবে। তবে মহানগরীর ক্ষেত্রে (যেখানে উপজেলা কার্যালয় নেই) সরাসরি জেলা কমিটির সভাপতি হিসেবে **জেলা প্রশাসক** বরাবর আবেদন করতে হবে।

৪. আবেদনের সাথে দাখিলকৃত প্রোফাইলের বিষয়ে ০২ (দুই) জন বিশিষ্ট ব্যক্তির প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে। বিশিষ্ট ব্যক্তি বলতে-সংসদ সদস্য, সিটি কর্পোরেশনের মেয়র ও কাউন্সিলর, গেজেটেড কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান, পৌরসভার মেয়র ও পৌর কাউন্সিলর, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, বেসরকারি কলেজের অধ্যক্ষ, বেসরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং আধাসরকারি/ স্বায়ত্তশাসিত/রাষ্ট্রায়ত্ত সংস্থায় জাতীয় বেতন স্কেলের ৯ম ও তদুর্ধ্ব গ্রেডে কর্মরত কর্মকর্তাগণকে বুঝাবে।

৫. একজন আবেদনকারী কেবলমাত্র একটি ক্যাটাগরিতে আবেদন দাখিল করতে পারবেন।

৬. ফোজদারি মামলায় দন্ডিত কোন ব্যক্তি এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৭. ঋণখেলাপি কোন ব্যক্তি এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৮. চূড়ান্তভাবে বিজয়ীকে ডোপ টেস্টে যোগ্য বিবেচিত হতে হবে। কোন বিজয়ী ডোপ টেস্টে অযোগ্য বিবেচিত হলে ক্যাটাগরির মেধাক্রমের শীর্ষ থেকে পরবর্তী বিজয়ী নির্বাচিত হবেন।

৯. ঢাকা ওআইসি ইয়ুথ ক্যাপিটালের আওতায় শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড প্রাপ্তদের মধ্যে যারা চ্যাম্পিয়ন হয়েছেন তারা এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

পাতা/২

১০. সমাজ বা রাষ্ট্র বিরোধী কাজে লিপ্ত কোন যুব এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

১১. ক্ষেত্র বিশেষে যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড বা উপযুক্ত কর্তৃপক্ষ পুরস্কারের পরিমাণ ও সংখ্যা হ্রাস-বৃদ্ধি করতে পারবে।

১২. পুরস্কার প্রদানের বিষয়টি সম্পূর্ণ যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের এখতিয়ারভুক্ত হওয়ায় এ বিষয়ে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।

২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট **(www.moysports.gov.bd)** এর **অভ্যন্তরীণ ই-সেবার** আওতাভুক্ত **শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড**-লিংকে ক্লিক করে **নির্ধারিত আবেদনপত্র** সংগ্রহপূর্বক তা যথাযথভাবে পূরণ করে এসঙ্গে অনুচ্ছেদভিত্তিক চাহিত তথ্যাদি সংযুক্ত করে আবেদনের হার্ডকপি **আগামী ০৩ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ (২০ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ)** তারিখের মধ্যে অবশ্যই নির্ধারিত স্থানে (শর্তাবলির ৩ নং অনুচ্ছেদ অনুযায়ী) সরাসরি দাখিল করতে হবে। উল্লেখ্য, **নির্ধারিত তারিখের পর কোন আবেদন বিবেচিত হবে না।**

৩। আবেদনের সাথে যথাযথ প্রমাণক ( ছবি, ভিডিও, সিডি/পেনড্রাইভ ও অন্যান্য তথ্যাদি ) দাখিল করতে হবে।

৪। **নির্ধারিত আবেদনের 'ছক' ব্যতিত অন্য কোন 'ছক'- এ আবেদন গ্রহণযোগ্য হবে না।**

৫। ক্ষেত্রে বিশেষে এ বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ের উপপরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণের (মেট্রোপলিটন ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তাসহ) সহযোগিতা নেয়া যেতে পারে।

১০.০৩.২০২২

ডা. মোঃ জহিরুল ইসলাম
উপসচিব
ফোন : ৯৫১৩৩০৯

| পাসপোর্ট সাইজের রঙিন ছবি |
|---|

# "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২২" এর জন্য আবেদন
## (উপজেলা পর্যায় আবেদনকারীর জন্য প্রযোজ্য)

বরাবর
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড সংক্রান্ত উপজেলা কমিটি।

**পুরস্কার ক্যাটাগরির নাম :.......................................................................................**

| | | | |
|---|---|---|---|
| ০১। | আবেদনকারীর নাম (বাংলায়) | : | |
| | ইংরেজিতে (বড় অক্ষরে) | : | |
| ০২। | পিতার নাম (বাংলায়) | : | |
| | ইংরেজিতে (বড় অক্ষরে) | : | |
| ০৩। | মাতার নাম (বাংলায়) | : | |
| | ইংরেজিতে (বড় অক্ষরে) | : | |
| ০৪। | স্বামী/স্ত্রীর নাম (যদি থাকে) | : | |
| ০৫। | জাতীয় পরিচয়পত্র নম্বর | : | |
| ০৬। | জন্ম তারিখ (এনআইডি/জন্মসনদ/জেএসসি বা সমমান/জেএসসি/এসএসসি বা সমমানের সনদ অনুযায়ী) | : | |
| ০৭। | আবেদনকারীর মোবাইল নম্বর এবং ই-মেইল নম্বর | : | |
| ০৮। | বর্তমান ঠিকানা (যোগাযোগের জন্য ) | : | |
| ০৯। | স্থায়ী ঠিকানা | : | |
| ১০। | বর্তমান বয়স ( বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে) | : | |
| ১১। | শিক্ষাগত যোগ্যতা (সর্বোচ্চ) | : | |
| ১২। | আবেদনকারীর পেশা | : | |
| ১৩। | প্রার্থীত ক্যাটাগরির বিষয়ে সংক্ষিপ্ত বিবরণ ( সর্বোচ্চ ৫০০ শব্দ) | : | |
| ১৪। | প্রকল্প/কাজ এর প্রয়োগাধীন এলাকা | : | |

পাতা/২

| | | | |
|---|---|---|---|
| ১৫। | প্রকল্প/কাজ দ্বারা প্রভাবিত জনসংখ্যা | : | |
| ১৬। | সরাসরি উপকারভোগীর সংখ্যা | : | |
| ১৭। | কাজ/প্রকল্পটির সময়কাল | : | |
| ১৮। | জাতীয় বা আন্তর্জাতিক অন্যান্য স্বীকৃতি/ পুরস্কার | : | |
| ১৯। | জঙ্গীবাদ, সন্ত্রাস, বাল্যবিবাহ, মাদক, যৌতুক ইত্যাদি প্রতিরোধের ক্ষেত্রে আবেদনকারীর অবদান | : | |
| ২০। | সমাজকল্যাণ, নারী উন্নয়ন, পরিবেশ উন্নয়ন, স্বাস্থ্য সেবা প্রভৃতি ক্ষেত্রে আবেদনকারীর অবদান | : | |
| ২১। | সামাজিক মাধ্যম এবং গণমাধ্যমে প্রচার | : | |
| ২২। | কার্যক্রমের প্রমাণাদি উপস্থাপন | : | |
| ২৩। | প্রতিফলনযোগ্যতা (Replicability) | : | |
| ২৪. | দাখিলকৃত প্রোফাইলের বিষয়ে প্রত্যয়নকারী ০২ (দুই) জন বিশিষ্ট ব্যক্তির নাম, পদবি, ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর | : | |

**আবেদনকারীর নাম ও স্বাক্ষর**
( তারিখসহ )

সংযুক্তিঃ ১. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি-০১ (এক) প্রস্থ
২. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি-০১ (এক) প্রস্থ
৩. দাখিলকৃত প্রোফাইলের ক্ষেত্রে ০২ (দুই) জন বিশিষ্ট ব্যক্তির প্রত্যয়নপত্র-০২ (দুই) প্রস্থ
৪. সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র -০১ (এক) প্রস্থ
৫. বয়স প্রমাণকের ক্ষেত্রে জেএসসি বা সমমান/এসএসসি বা সমমানের শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদের কপি-০১ (এক) প্রস্থ
৬. যথাযথ প্রমাণক (ছবি, ভিডিও, সিডি/পেনড্রাইভ ও অন্যান্য তথ্যাদি) দাখিল করতে হবে।
৭. প্রথম শ্রেণি গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত আবেদনকারীর চারিত্রিক সনদ পত্র।

বিঃ দ্রঃ **প্রযোজ্য ক্ষেত্রে অতিরিক্ত কাগজে আবেদনকারীর স্বাক্ষরযুক্ত বিস্তারিত তথ্যাদি প্রদান করা যাবে।**

| পাসপোর্ট সাইজের রঙিন ছবি |
|---|

# “শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২২” এর জন্য আবেদন
## (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা মহানগরীর আবেদনকারীর জন্য প্রযোজ্য)

বরাবর
জেলা প্রশাসক
ও
সভাপতি
শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড
সংক্রান্ত জেলা কমিটি।

**পুরস্কার ক্যাটাগরির নাম :.............................................................................................**

| | | | |
|---|---|---|---|
| ০১। | আবেদনকারীর নাম (বাংলায়) | : | |
| | ইংরেজিতে (বড় অক্ষরে) | : | |
| ০২। | পিতার নাম (বাংলায়) | : | |
| | ইংরেজিতে (বড় অক্ষরে) | : | |
| ০৩। | মাতার নাম (বাংলায়) | : | |
| | ইংরেজিতে (বড় অক্ষরে) | : | |
| ০৪। | স্বামী/স্ত্রীর নাম (যদি থাকে) | : | |
| ০৫। | জাতীয় পরিচয়পত্র নম্বর | : | |
| ০৬। | জন্ম তারিখ (এনআইডি/জন্মসনদ/জেএসসি বা সমমান/জেএসসি/এসএসসি বা সমমানের সনদ অনুযায়ী) | : | |
| ০৭। | আবেদনকারীর মোবাইল নম্বর এবং ই-মেইল নম্বর | : | |
| ০৮। | বর্তমান ঠিকানা (যোগাযোগের জন্য ) | : | |
| ০৯। | স্থায়ী ঠিকানা | : | |
| ১০। | বর্তমান বয়স ( বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে) | : | |
| ১১। | শিক্ষাগত যোগ্যতা (সর্বোচ্চ) | : | |
| ১২। | আবেদনকারীর পেশা | : | |
| ১৩। | প্রার্থীত ক্যাটাগরির বিষয়ে সংক্ষিপ্ত বিবরণ ( সর্বোচ্চ ৫০০ শব্দ) | : | |
| ১৪। | প্রকল্প/কাজ এর প্রয়োগাধীন এলাকা | : | |

| | | | |
|---|---|---|---|
| ১৫। | প্রকল্প/কাজ দ্বারা প্রভাবিত জনসংখ্যা | : | |
| ১৬। | সরাসরি উপকারভোগীর সংখ্যা | : | |
| ১৭। | কাজ/প্রকল্পটির সময়কাল | : | |
| ১৮। | জাতীয় বা আন্তর্জাতিক অন্যান্য স্বীকৃতি/ পুরস্কার | : | |
| ১৯। | জঙ্গীবাদ, সন্ত্রাস, বাল্যবিবাহ, মাদক, যৌতুক ইত্যাদি প্রতিরোধের ক্ষেত্রে আবেদনকারীর অবদান | : | |
| ২০। | সমাজকল্যাণ, নারী উন্নয়ন, পরিবেশ উন্নয়ন, স্বাস্থ্য সেবা প্রভৃতি ক্ষেত্রে আবেদনকারীর অবদান | : | |
| ২১। | সামাজিক মাধ্যম এবং গণমাধ্যমে প্রচার | : | |
| ২২। | কার্যক্রমের প্রমাণাদি উপস্থাপন | : | |
| ২৩। | প্রতিফলনযোগ্যতা (Replicability) | : | |
| ২৪. | দাখিলকৃত প্রোফাইলের বিষয়ে প্রত্যয়নকারী ০২ (দুই) জন বিশিষ্ট ব্যক্তির নাম, পদবি, ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর | : | |

আবেদনকারীর নাম ও স্বাক্ষর
( তারিখসহ )

সংযুক্তিঃ ১. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি-০১ (এক) প্রস্থ
২. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি-০১ (এক) প্রস্থ
৩. দাখিলকৃত প্রোফাইলের ক্ষেত্রে ০২ (দুই) জন বিশিষ্ট ব্যক্তির প্রত্যয়নপত্র-০২ (দুই) প্রস্থ
৪. সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র -০১ (এক) প্রস্থ
৫. বয়স প্রমাণকের ক্ষেত্রে জেএসসি বা সমমান/এসএসসি বা সমমানের শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদের কপি-০১ (এক) প্রস্থ
৬. যথাযথ প্রমাণক (ছবি, ভিডিও, সিডি/পেনড্রাইভ ও অন্যান্য তথ্যাদি) দাখিল করতে হবে।
৭. প্রথম শ্রেণি গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত আবেদনকারীর চারিত্রিক সনদ পত্র।

বিঃ দ্রঃ **প্রযোজ্য ক্ষেত্রে অতিরিক্ত কাগজে আবেদনকারীর স্বাক্ষরযুক্ত বিস্তারিত তথ্যাদি প্রদান করা যাবে।**